মেহেরপুরে বিভিন্ন শ্রমিক সংগঠণের উদ্যোগে মে দিবস পালিত

মহান মে দিবস উপলক্ষে মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের উদ্যোগে সোমবার সকালে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের উদ্যোগে শ্রমিক দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালী মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকা থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

র্যালীতে নেতৃত্ব দেন মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবিব সোনা। পরে পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন শ্রমিক ইউনিয়নের মেহেরপুর শাখার সভাপতি আহসান হাবীব সোনা।

আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিউর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন সবুজ প্রমূখ।

র্যালী ও আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, শ্রমিক ইউনিয়নের গাংনী শাখার সভাপতি জমির উদ্দিন, সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান, শ্রমিক ইউনিয়ন বামন্দী শাখার সভাপতি হাবিবুর রহমান হবি, সাধারণ সম্পাদক ইন্তাজ আলী, যুগ্ম সাধারণ সম্পাদক রাইতুল হক, লাইন সম্পাদক পলাশ আহমেদ, দরবেশপুর শাখার সভাপতি ইলিয়াস হোসেন সাধারণ সম্পাদক আজম, মুজিবনগর শাখার সভাপতি জিল্লুর রহমান, সাধারণ সম্পাদক আনসার আলীসহ জেলা মটর শ্রমিক ইউনিয়নের সদস্যরা অংশগ্রহণ করেন।

এছাড়া মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কাভার্ডভ্যান, ট্যাংকলরি (দাহ পদার্থ বহনকারী ব্যতীত) শ্রমিক ইউনিয়নের উদ্যোগে মহান মে দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কাভার্ডভ্যান,

ট্যাংকলরি (দাহ পদার্থ বহনকারী ব্যতীত) শ্রমিক ইউনিয়নের সভাপতি আকিব হোসেনের নেতৃত্বে র্যালীটি শ্রমিক ইউনিয়নের অফিসের সামনে থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এসে শেষ হয়।

র্যালীতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি মিয়ারুল ইসলাম, যুগ্ম সম্পাদক (ভারপ্রাপ্ত সম্পাদক) ইউসুফ আলী খোকন, সহ সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম জুয়েল, সাংগঠনিক সম্পাদক মিয়াজান আলী, লাইন সম্পাদক আলামিন হোসেন, কোষাধ্যক্ষ কামাল শেখ রিংকু প্রমুখ।

মেহেরপুর জেলা ইমারত শ্রমিক ইউনিয়নের উদ্যোগে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শ্রমিক মালিক ঐক্য গড়ি, সমৃদ্ধশালী বাংলাদেশ গড়ি এই স্লোগানে মেহেরপুরে ইমারত নির্মাণ শ্রমিকের উদ্যোগে আন্তর্জাতিক মে দিবস পালিত হয়েছে।

সোমবার সকালে সাড়ে ৯ টার দিকে মেহেরপুর সদর উপজেলা ইমারত নির্মাণকারি শ্রমিক ইউনিয়নের একটি র্যালী বের করে।

ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুল করিমের নেতৃত্বে র্যালীটি শহরের মালোপাড়া থেকে বের হয়ে নতুন পাড়ার মোড়, বাসস্ট্যান্ড, হোটেল বাজার, বড় বাজার মোড় প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়।

এসময় জেলা ইমারত নির্মাণকারি শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, সাবেক সভাপতি আবুল হোসেন, শহিদুল ইসলাম, সহ-সভাপতি নজরুল ইসলাম, সহ সাধারণ সম্পাদক মোঃ রাসেল, সাংগঠনিক সম্পাদক আলেক উদ্দিন, কোষাধাক্ষ খন্দকার নাফিজুর,প্রচার সম্পাদক মিলন আলী, দপ্তর সম্পাদক মোতালেব শেখ, শ্রম কল্যাণ সম্পাদক জালাল উদ্দিন, সাংস্কৃতিক ও ক্রিয়া সম্পাদক ইসরাফিল হোসেন, কার্যনির্বাহী সদস্য মজনু সর্দার, মাজেদুল হক, ছাবদার আলী, ফিরোজ আলী সহ শ্রমিক ইউনিয়নের সদস্যরা রেলিতে অংশগ্রহণ করেন।র্যালী শেষে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।